

D.A.V. PUBLIC / MODEL SCHOOLS, WEST BENGAL ZONE
MID TERM EXAMINATION
SESSION: 2018 – 2019

Class: III
Subject: Bengali

Maximum Marks: 80
Time: 2Hours 30Minutes

নির্দেশাবলী:

- ১। দুই পৃষ্ঠার এই প্রশ্নপত্রে প্রশ্নের ক্রম সংখ্যা ১ হতে ১৫ পর্যন্ত রয়েছে।
২। প্রত্যেকটি প্রশ্নের উত্তর করতে হবে।
৩। প্রশ্নের মান প্রশ্নের ডানদিকে দেওয়া আছে।

বিভাগ- ক

- ১) নীচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলির উত্তর দাও। (1×10=10)
- আমার মাসিমার বাড়িটি ছিল একটা ছোটোখাটো চিড়িয়াখানা। তার ভেতর অবশ্য চিড়িয়া বা পাখির দলই ছিল দলে ভারী। কাকাতুয়া, হীরামন, চন্দনা, মৌটুসি। অন্য জীবদেরও সংখ্যা খুব কম ছিল না। হাউন্ড জাতীয় প্রকাণ্ড কুকুর ছিল, মাসিমা তার নাম রেখেছিলেন বাঘা। একটি কাবুলি বেড়াল ছিল ভানুমতী বলে। একটি নাকি বাঘের বাচ্চাও পুষেছিলেন, যদিও সে বেশিদিন বাঁচেনি। এছাড়া গিনিপিগ, খরগোশ সবই এক আধবার পুষেছিলেন মাসিমা।
- ক) মাসিমার বাড়িটি কেমন ছিল?
খ) কারা দলে ভারী ছিল?
গ) বাঘা কার নাম ছিল?
ঘ) বেড়ালটির নাম কি ছিল?
ঙ) কে বেশিদিন বাঁচেনি?
চ) মাসিমার পোষা একটি পাখির নাম লেখো।
ছ) বিপরীত শব্দ লেখ - অ) ভারী আ) কম
জ) বাক্য রচনা কর - অ) চিড়িয়াখানা আ) প্রকাণ্ড

বিভাগ- খ

- ২) অনুচ্ছেদ রচনা কর মেকোন একটি বিষয়ে। (10)
বড়োদিন অথবা একটি গাছ একটি প্রাণ

বিভাগ- গ

- ৩) নীচের বাক্যগুলিকে উদ্দেশ্য ও বিধেয় অংশে ভাগ করে দেখাও। (1×3=3)
- ক) বাড়ির সবাই আনন্দ করছে।
খ) গোলাপ ফুলগুলি দেখতে সুন্দর।
গ) খেলতে যাব।
- ৪) নীচের বাক্যগুলির মোটা হরফের পদ গুলি কোলটি কী পদ লেখ। (1×3=3)
- ক) আজ **পয়লা** বৈশাখ।
খ) মায়ের **মতো** আপন কেউ নেই।
গ) মেয়েটি গান **গাইছে**।
- ৫) নিচের শব্দগুলিকে একবচন থেকে বহুবচনে পরিণত কর। (1×4=4)
- ক) ছাত্র খ) খাতা গ) তোমার ঘ) মেঘ

৬) নীচের শব্দগুলির ত্রীলিপির রূপ দাও। (1×4=4)
ক) হস্তী খ) যুবক গ) সেবক ঘ) তনয়

৭) এককথায় প্রকাশ কর। (1×3=3)
ক) অরিকে দমন করেন যিনি -
খ) পথ চলার খরচ -
গ) সংসদের সদস্য -

৮) দুটি করে সমার্থক শব্দ লেখো। (1×3=3)
ক) মাতা খ) শরীর গ) সূর্য

বিভাগ- ঘ

৯) একটি বাক্যে উত্তর দাও। (1×8=8)

- ক) 'রাত পোহাল' কবিতায় কখনকার কথা বলা হয়েছে?
খ) মানুষের মধ্যে কী থাকলে সে পিছিয়ে পড়ে না?
গ) কোন ঋতুর পরে শরৎঋতু আসে?
ঘ) কোন ছেলেকে কেউ পছন্দ করে না?
ঙ) ধানচাষের সময় শিয়াল গাছের কোন অংশ পেয়েছিল?
চ) কোন ঝিঝি পোকা গাছের উপরে থাকে?
ছ) 'বোকা কুমিরের কথা' গল্পটি কার লেখা?
জ) বিশ্বনাথের ভাই-এর নাম কি?

১০) নীচের প্রশ্নগুলির উত্তর লেখো। (2×5=10)
ক) 'এদের স্বভাব ভারি অদ্ভুত' - কাদের স্বভাবের কথা বলা হয়েছে? অদ্ভুত স্বভাব কেন বলা হয়েছে?

- খ) গুলি লাগবার পরে বাঘটা কী করছিল?
গ) কুমির আর শিয়াল মোট কতবার চাষ করেছিল? তাতে কী হয়েছিল?
ঘ) আদর্শ ছেলে হতে গেলে তুমি কোন দুটি কাজ আগে করবে?
ঙ) 'আগমনী' কবিতাটি পড়ে শরৎ কালের পরিবেশের দুটি বৈশিষ্ট্য লেখো?

১১) অর্থ লেখ। (1×5=5)
ক) তাড়ি খ) পুনরায় গ) ঠকাও ঘ) দৈবাৎ ঙ) মিঠে

১২) বিপরীত শব্দ লেখ। (1×3=3)
ক) কর্কশ খ) ভয় গ) ভরা

১৩) বাক্য রচনা কর। (1×5=5)
ক) সোপান খ) নোনতা গ) ভরপুর ঘ) আনমনা ঙ) ফিকির

১৪) বাঁ দিকের সাথে ডান দিক মেলাও। (1×4=4)

বাঁ দিক

ডান দিক

- ক) কুমির ঠকল
খ) ঝিঝি পোকাকার বাজনা
গ) আদর্শ ছেলে
ঘ) দেশের কল্যাণ হবে
অ) গোপালচন্দ্র ভট্টাচার্য
আ) কুসুমকুমারী দেবী
ই) ছেলেরা আদর্শ মানুষ হলে
ঔ) নিজের বোকামির জন্য

১৫) 'রাত পোহাল' কবিতাটি কবির নামসহ চার লাইন মুখস্থ লেখো। (5)
